গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়
পরিকল্পনা-৪ শাখা
www.mole.gov.bd

শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়ের এপ্রিল, ২০২২ মাসের এডিপি পর্যালোচনা সভার কার্যবিবরণী।

| | |
|---|---|
| সভাপতি | বেগম মন্নুজান সুফিয়ান<br>প্রতিমন্ত্রী |
| সভার তারিখ | ৩১ মে, ২০২২ |
| সভার সময় | বেলা ০১.০০ ঘটিকা। |
| স্থান | মন্ত্রণালয়ের সভাকক্ষ (কক্ষ নং-৪২২, বিল্ডিং-০৭, বাংলাদেশ সচিবালয়) এবং ডিজিটাল প্লাটফর্ম (জুম) |
| উপস্থিতি | পরিশিষ্ট ক |

সভায় উপস্থিত সকল সদস্যকে স্বাগত জানিয়ে সভাপতি মহোদয় সভার কাজ শুরু করেন। তিনি চলমান ২০২১-২২ অর্থবছরের আরএডিপিভুক্ত প্রকল্পসমূহের কার্যক্রম ক্রয়পরিকল্পনা ও কর্মপরিকল্পনা অনুযায়ী যথাসময়ে সম্পন্ন করতে সংশ্লিষ্ট সকলের দৃষ্টি আকর্ষণ করেন। সচিব, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয় সংশ্লিষ্ট সকলকে প্রকল্পসমূহের লক্ষ্যমাত্রা অর্জনের প্রচেষ্টা গ্রহণের আহ্বান জানান। এ পর্যায়ে সিনিয়র সহকারী সচিব (পরিকল্পনা-৪) সভায় জানান যে, ২০২১-২২ অর্থ-বছরের আরএডিপি-তে শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়ের আওতায় ০৯টি প্রকল্প অন্তর্ভুক্ত রয়েছে (০৭টি বিনিয়োগ ও ০২টি কারিগরি সহায়তা প্রকল্প)। প্রকল্প সমূহের অনুকূলে মোট ২২১০৮.০০ লক্ষ (জিওবি ১৬৮৪৮.০০ লক্ষ ও প্রকল্প সাহায্য ৫২৬০.০০ লক্ষ) টাকা আরএডিপি বরাদ্দ রয়েছে। আরএডিপি বরাদ্দের বিপরীতে এপ্রিল, ২০২২ পর্যন্ত ব্যয় হয়েছে ৯২৬৬.১৫ লক্ষ (জিওবি ৬১৮৩.৩৬ লক্ষ ও প্রকল্প সাহায্য ২৯১৫.৩০ লক্ষ) টাকা, যা বরাদ্দের ৪১.৯১% (জিওবি ৩৬.৭০% ও প্রকল্প সাহায্য ৫৫.৪২%)। সভাপতি মহোদয়ের অনুমতিক্রমে সিনিয়র সহকারী সচিব (পরিকল্পনা-৪), শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয় সভায় আলোচ্যসূচি অনুযায়ী প্রকল্পের তথ্যাবলি উপস্থাপন করেন।

**০২. প্রকল্পসমূহের আর্থিক ও ভৌত অগ্রগতি:**

সভায় চলমান প্রকল্পসমূহের ভৌত ও আর্থিক অগ্রগতি উপস্থাপন করা হয়।

**২.১ বাংলাদেশে ঝুঁকিপূর্ণ শিশুশ্রম নিরসন (৪র্থ পর্যায়) প্রকল্প:**

উপসচিব (পরিকল্পনা) সভায় জানান যে, প্রকল্পটি জানুয়ারি ২০১৮ হতে ডিসেম্বর ২০২৩ মেয়াদে বাস্তবায়িত হচ্ছে। প্রকল্পটির প্রাক্কলিত ব্যয় ২৮৪৪৯.০৮ লক্ষ টাকা এবং ২০২১-২২ অর্থ বছরে আরএডিপি-তে ৪০০০.০০ লক্ষ টাকা বরাদ্দ রয়েছে। বরাদ্দের বিপরীতে এপ্রিল, ২০২২ পর্যন্ত আর্থিক অগ্রগতি ২০১৮.৭২ লক্ষ টাকা যা বরাদ্দের ৫০.৪৮%। প্রকল্পটির এপ্রিল, ২০২২ পর্যন্ত ক্রমপুঞ্জিত ব্যয় ২২৫৩.০৫ লক্ষ টাকা (আর্থিক: ০.৭১%, ভৌত: ৮%)। প্রকল্প পরিচালক সভাকে জানান যে, কালকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর আধুনিকায়ন ও শক্তিশালীকরণ এবং ১৩টি জেলা কার্যালয় স্থাপন (১ম সংশোধিত) প্রকল্পের অব্যয়িত সমর্পনকৃত ১৫ কোটি টাকা এ প্রকল্পের অনুকূলে উপযোজনপূর্বক অতিরিক্ত বরাদ্দ পুনঃনির্ধাণের জন্য গত ১৯ মে, ২০২২ তারিখে পরিকল্পনা কমিশনে পত্র প্রেরণ করা হয়েছে। সভায় প্রকল্পটির উপানুষ্ঠানিক শিক্ষা কার্যক্রম নিয়মিত মনিটরিং অব্যহত রেখে এনজিওদের ব্যবস্থাপনা ব্যয়সহ শিক্ষার্থীদের উপবৃত্তি প্রদান যথাযথভাবে সম্পন্ন করতে সভায় নির্দেশনা প্রদান করা হয়। উল্লেখ্য, প্রকল্পটির ৫ম পিআইসি সভা গত ২৭/০৪/২০২২ তারিখ এবং ৪র্থ পিএসসি সভা ৩০/০৫/২০২২ তারিখে অনুষ্ঠিত হয়েছে।

**২.১.১ সিদ্ধান্ত:** বিস্তারিত আলোচনাক্রমে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

ক. ঝুঁকিপূর্ণ কাজে নিয়োজিত শিশুদের জরিপ এবং উপানুষ্ঠানিক শিক্ষার কার্যক্রম মনিটরিং অব্যহত রাখতে হবে;

খ. এনজিওদের ব্যবস্থাপনা ব্যয়সহ শিক্ষার্থীদের উপবৃত্তি প্রদান যথাযথভাবে সম্পন্ন করতে হবে

গ. প্রকল্প ব্যয় নির্বাহের জন্য অতিরিক্ত টাকা বরাদ্দ প্রদানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে এবং

ঘ. পিআইসি ও পিএসসি সভাসমূহ নিয়মিত আয়োজন করতে হবে।

**বাস্তবায়ন: শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়, প্রকল্প পরিচালক।**

**৩.২ প্রোমোটিং সোসিয়াল ডায়ালগ এন্ড হারমোনিয়াস ইন্ডাস্ট্রিয়াল রিলেশনস ইন বাংলাদেশ রেডি-মেইড গার্মেন্টস ইন্ডাস্ট্রি প্রকল্প:**

সভায় জানানো হয়, কারিগরি সহায়তা প্রকল্পটি জুলাই ২০১৬ হতে জুন ২০২২ মেয়াদে আইএলও কর্তৃক মন্ত্রণালয়ের আইএলও অনুবিভাগের তত্ত্বাবধানে বাস্তবায়িত হচ্ছে। প্রকল্পটির প্রাক্কলিত ব্যয় ৬৬০২.০৭ লক্ষ টাকা (পিএ) এবং ২০২১-২২ অর্থ বছরে আরএডিপি-তে ১৪৩৭.০০ লক্ষ টাকা বরাদ্দ রয়েছে। এ বরাদ্দের বিপরীতে এপ্রিল, ২০২২ পর্যন্ত ৯৩১.৯৪ লক্ষ টাকা অবমুক্তি ও ব্যয় হয়েছে, যা বরাদ্দের ৬৪.৮৬%। প্রকল্পটির এপ্রিল, ২০২২ পর্যন্ত ক্রমপুঞ্জিত ব্যয় ৫৭৩৭.৯৪ লক্ষ টাকা। উক্ত সভায় সভাপতি মহোদয় উল্লেখ করেন যে, প্রকল্পটির মাধ্যমে সম্পাদিত কার্যক্রম অতন্ত্য গুরুত্বপূর্ণ বিধায় এরুপ নতুন প্রকল্প গ্রহণের নির্দেশনা প্রদান করেন। এক্ষেত্রে নতুন প্রকল্প গ্রহণ করার জন্য শ্রম অধিদপ্তর হতে আইএলও সংস্থা বরাবার প্রস্তাব প্রেরণের নির্দেশনা প্রদান করেন।উল্লেখ্য যে, প্রকল্পটির ৫ম পিএসি সভা গত ০৮/০২/২০২২ তারিখ এবং ৫ম পিসিসি গত ১৪/১১/২০১৯ তারিখ অনুষ্ঠিত হয়েছে। উল্লেখ্য যে, প্রকল্পটি জুন ২০২২ এ সমাপ্তির জন্য নির্ধারিত রয়েছে।

**৩.২.১ সিদ্ধান্ত:** বিস্তারিত আলোচনাক্রমে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

ক. প্রকল্প সমাপ্তিরপূর্বক দ্রুত শ্রম অধিদপ্তর কর্তৃক আইএলও সংস্থায় নতুন প্রকল্প গ্রহণের প্রস্তাব প্রেরণ করতে হবে। খ. কর্মপরিকল্পনা অনুযায়ী প্রকল্পটি জুন, ২০২২ এ সমাপ্ত করতে হবে এবং

গ. প্রকল্প সমাপ্তি প্রতিবেদন এ মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে ।

**বাস্তবায়ন: আন্তর্জাতিক সংস্থা (আইও) অনুবিভাগ ও আইএলও।**

**৩.৩ তৈরি পোশাক খাতে কর্মপরিবেশ উন্নয়ন (২য় পর্যায়) প্রকল্প:**

সভায় জানানো হয়, কারিগরি সহায়তা প্রকল্পটি জুলাই ২০১৭ হতে জুন ২০২৩ মেয়াদে বাস্তবায়িত হচ্ছে । প্রকল্পটির প্রাক্কলিত ব্যয় ২০৩৫৮.৩৭ লক্ষ টাকা (পিএ)। প্রকল্পটির অনুকূলে ২০২১-২২ অর্থ বছরে আরএডিপিতে ৩৮২৩.০০ লক্ষ টাকা বরাদ্দ রয়েছে। এ বরাদ্দের বিপরীতে এপ্রিল, ২০২২ পর্যন্ত ২১৫০.৮৫ লক্ষ টাকা অর্থছাড় এবং ব্যয় হয়েছে, যা বরাদ্দের ৫৬.২৬%। প্রকল্পটির এপ্রিল, ২০২২ পর্যন্ত ক্রমপুঞ্জিত অগ্রগতি ১৫৮৫৭.৫৭ লক্ষ টাকা। প্রকল্পটির ভৌত অগ্রগতি ৭২.২৫%। প্রকল্পের ডিপিপি/টিএপিপি-তে নির্ধারিত কমিটিসমূহের সভা যথাসময়ে আহ্বান করার বিষয়ে সভায় নির্দেশনা প্রদান করা হয় এবং প্রকল্পটির বিভিন্ন কম্পোনেন্ট বাস্তবায়নের জন্য ডাইফ প্রকল্প দপ্তরের সাথে সমন্বয় পূর্বক যথাযথভাবে প্রকল্পটি বাস্তবায়নের নির্দেশনা প্রদান করা হয়। উল্লেখ্য, প্রকল্পটির ৪র্থ পিএসি সভা গত ১৩ ফেব্রুয়ারি, ২০২২ তারিখ অনুষ্ঠিত হয়েছে। প্রকল্পটি ডাইফের সংশ্লিষ্টতায় বাস্তবায়িত হচ্ছে।

**৩.৩.১ সিদ্ধান্ত:** বিস্তারিত আলোচনাক্রমে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

ক. প্রকল্পের PAC সভা নিয়মিত আয়োজন করতে হবে;

খ. প্রকল্পটির কম্পোনেন্ট সমূহ বাস্তবায়নের বিষয়ে ডাইফ প্রকল্প দপ্তরের সাথে সমন্বয় করবে এবং

গ. কর্মপরিকল্পনা অনুযায়ী প্রকল্প কাজ নির্ধারিত সময়ে অর্থাৎ জুন, ২০২৩ এ সমাপ্ত করতে কার্যকর পদক্ষেপ গ্রহণ করতে হবে

**বাস্তবায়নে: আন্তর্জাতিক সংস্থা (আইও) অনুবিভাগ ও আইএলও এবং ডাইফ।**

**৩.৪ রাঙামাটির ঘাগড়ায় একটি বহুবিধ সুবিধাসহ শ্রম কল্যাণ কমপ্লেক্স নির্মাণ প্রকল্প (১ম সংশোধনী):**

সভায় জানানো হয় প্রকল্পটি এপ্রিল ২০১৭ হতে ডিসেম্বর ২০২১ মেয়াদে বাস্তবায়িত হয়েছে। প্রকল্পটি ডিপিএম পদ্ধতিতে সেনা কল্যান সংস্থা (এসকেএস) কর্তৃক বাস্তবায়িত হয়েছে। প্রকল্পটির প্রাক্কলিত ব্যয় ৬১৬৯.০১ লক্ষ টাকা এবং ২০২১-২২ অর্থ বছরে আরএডিপি-তে ১২০০.০০ লক্ষ টাকা বরাদ্দ রয়েছে। বরাদ্দের বিপরীতে এপ্রিল, ২০২২ পর্যন্ত ১২০০.০০ লক্ষ টাকা অর্থ অবমুক্ত এবং ৩৮০.৬৯ লক্ষ টাকা ব্যয় হয়েছে যা বরাদ্দের ৩১.৭৩%। প্রকল্পটির এপ্রিল, ২০২২ পর্যন্ত ক্রমপুঞ্জিত

ব্যয় ৫৩৮২.৫৯ লক্ষ টাকা (আর্থিক: ৮১.০৮%ও ভৌত: ৯৫%)। সভায় প্রকল্প পরিচালক জানান যে, গত ২৭/০৩/২০২২ তারিখের এডিপি পর্যালোচনা সভার নির্দেশনা মোতাবেক সেনা কল্যাণ সংস্থা (এসকেএস)-কে প্রকল্পের বিল, এমবি এবং অসম্পন্ন কাজ সমাপ্ত করার নির্দেশনা থাকলেও তা সম্পন্ন করা হয়নি এতে প্রকল্পের সার্বিক কার্যক্রম বাধাগ্রস্থ হচ্ছে। এক্ষেত্রে সেনা কল্যাণ সংস্থার প্রতিনিধি জানান যে, water treatment plant এর ডিজাইনের কাজ সম্পন্ন হয়েছে দ্রুত তা প্রেরণ করা হবে এবং Rain water harvesting এর স্থানজনিত কিছু সমস্যা থাকায় সময় বিলম্ব হয়েছে। এসএকএস প্রতিনিধি আরো জানান যে, আগামী ০৫ জুন, ২০২২ এর আবশ্যিকভাবে এমবি এবং ১৫ জুন, ২০২২ এর মধ্যে সকল অসমাপ্ত কাজ সমাপ্ত করা হবে। প্রকল্পটির আর্থিক এবং ভৌত কার্যক্রম অতন্ত্য ধীরগতি ও অসম্পূর্ণ হওয়ায় সভাপতি মহোদয় অতন্ত্য হতাশা ব্যক্ত করেন একই সাথে এসকেএস এর প্রদত্ত সময়সীমার মধ্যে অবশিষ্ট কাজ, এমবি সহ বিল (বিল সংশ্লিষ্ট অন্যান্য তথ্য-উপাত্তসহ) প্রেরণের জন্য এসকেএস-কে কঠোর নির্দেশনা প্রদান করেন। প্রকল্পটির বিল সংশ্লিষ্ট জটিলতা নিরসনের জন্য আইএমইডি'র সুপারিশসহ মেয়াদ আরো ০৩ মাস বৃদ্ধির জন্য শিল্প ও শক্তি বিভাগে যোগাযোগ করার নির্দেশনা প্রদান করা হয়।

**৩.৪.১ সিদ্ধান্ত:** বিস্তারিত আলোচনাক্রমে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

ক. প্রকল্পের water treatment plant এবং Rain water harvesting এর কাজ দ্রুত সমাপ্ত করতে হবে;

খ. আগামী ০৫ জুন, ২০২২ এর আবশ্যিকভাবে এমবি প্রেরণ করতে হবে;

গ. প্রকল্পটির অসম্পন্ন কাজ ১৫ জুন, ২০২২ এর মধ্যে সমাপ্ত করতে হবে এবং

ঘ. প্রকল্পটির বিল সংশ্লিষ্ট জটিলতা নিরসনে মেয়াদ আরো ০৩ মাস বৃদ্ধির জন্য জন্য আইএমইডি'র সুপারিশের জন্য আইএমইডি'র সাথে যোগাযোগ করতে হবে।

**বাস্তবায়ন: অধিদপ্তরের উন্নয়ন/পরিকল্পনা শাখা, প্রকল্প পরিচালক, সেনা কল্যান সংস্থা (ডিপিএম সেল)**

**৩.৫ নারায়নগঞ্জের বন্দর ও চট্টগ্রামের কালুরঘাটে মহিলা হোস্টেল এবং শ্রম কল্যান কেন্দ্র নির্মান প্রকল্প (১ম সংশোধিত):**

সভায় জানানো হয় প্রকল্পটি এপ্রিল ২০১৮ হতে জুন ২০২২ মেয়াদে বাস্তবায়িত হচ্ছে। প্রকল্পটি ডিপিএম সেল, সেনা কল্যাণ সংস্থা কর্তৃক বাস্তবায়িত হচ্ছে। প্রকল্পটির প্রাক্কলিত ব্যয় ১১৪০০.৪৪ লক্ষ টাকা এবং ২০২১-২২ অর্থ বছরে আরএডিপি-তে ২০৫৬.০০ লক্ষ টাকা বরাদ্দ রয়েছে। এ বরাদ্দের বিপরীতে এপ্রিল, ২০২২ পর্যন্ত ১৫৪২.০০ লক্ষ টাকা অর্থ ছাড় এবং ০.৪০ লক্ষ টাকা ব্যয় হয়েছে। যা বরাদ্দের ০.০২%। প্রকল্পটির এপ্রিল, ২০২২ পর্যন্ত ক্রমপুঞ্জিত ব্যয় ৯৩৩৯.০২ লক্ষ টাকা (আর্থিক: ৮১.৯১%, ভৌত: ৮৭%)। প্রকল্প পরিচালক জানান যে, এডিপি পর্যালোচনা সভার সিদ্ধান্ত অনুযায়ী সেনাকল্যাণ সংস্থা (এসকেএস) কর্তৃক অদ্যবদি কোন বিল, এমবি এবং অসম্পূর্ন কাজ সমাপ্ত করা হয়নি। তিনি আরো জানান যে, লিফট পাইলিং, আসবাবপত্র, যন্ত্রপাতিসহ ভবনের ২৫% কাজ অসম্পূর্ন রয়েছে। এ বিষয়ে এসকেএস প্রতিনিধি জানান যে, আগামী ০৪ জুন, ২০২২ এর মধ্যে ১৫ কোটি টাকার বিল প্রদান করা হবে একই সাথে এমবিসহ সকল অসম্পন্ন কাজ সমাপ্ত করা হবে। প্রকল্পটির আর্থিক এবং ভৌত কার্যক্রম অতন্ত্য ধীরগতি ও অসম্পূর্ণ হওয়ায় সভাপতি মহোদয় অতন্ত্য হতাশা ব্যক্ত করেন একই সাথে অবশিষ্ট কাজ, এমবি, বিল (বিল সংশ্লিষ্ট অন্যান্য তথ্য-উপাত্তসহ) এবং জুন, ২০২২ এর মধ্যে আবশ্যিকভাবে প্রকল্পের সকাল কাজ সমাপ্ত করার জন্য এসকেএস-কে কঠোর নির্দেশনা প্রদান করেন। প্রকল্পটি সামপ্তপূর্বক প্রকল্প সমাপ্তি প্রতিবেদন (পিসিআর) প্রেরনের জন্য সভায় আলোকপাত করা হয়।

**৩.৫.১ সিদ্ধান্ত:** বিস্তারিত আলোচনাক্রমে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

ক. প্রকল্পের বিলসমূহ (এমবি সহ) সেনা কল্যাণ সংস্থা (এসকেএস) কর্তৃক দ্রুত প্রেরণ করতে হবে;

খ. প্রকল্পের নারায়গঞ্জ অংশে লিফট, আসবাবপত্র এবং অন্যান্য কাজ জুন, ২০২২ এর মধ্যে সমাপ্ত করতে হবে;

গ. ক্রয়পরিকল্পনা ও কর্মপরিকল্পনা অনুযায়ী নির্ধারিত সময়ে প্রকল্প সমাপ্ত করতে কার্যকর পদক্ষেপ গ্রহণ করতে হবে এবং

ঘ. প্রকল্পটি সামপ্তপূর্বক  প্রকল্প সমাপ্তি প্রতিবেদন (পিসিআর) দ্রুত মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে।

**বাস্তবায়ন: প্রকল্প পরিচালক; সেনা কল্যান সংস্থা (ডিপিএম সেল)।**

**৩.৬ জাতীয় পেশাগত স্বাস্থ্য ও নিরাপত্তা বিষয়ক গবেষণা এবং প্রশিক্ষণ ইন্সটিটিউট নির্মাণ প্রকল্প:**

সভায় জানানো হয় প্রকল্পটি সেপ্টেম্বর ২০১৮ হতে জুন ২০২২ মেয়াদে বাস্তবায়িত হচ্ছে।  প্রকল্পটি ডিপিএম পদ্ধতিতে সেনা কল্যাণ সংস্থা কর্তৃক বাস্তবায়িত হচ্ছে। প্রকল্পটির প্রাক্কলিত ব্যয় ১৬৫২৮.৩৩ লক্ষ টাকা এবং ২০২১-২২ অর্থ বছরে এডিপিতে ৩০০০.০০ লক্ষ টাকা বরাদ্দ রয়েছে। এ বরাদ্দের বিপরীতে ফেব্রুয়ারি, ২০২২ পর্যন্ত কোন অর্থ ছাড় এবং অর্থ ব্যয় হয়নি। প্রকল্পটির ফেব্রুয়ারি, ২০২২ পর্যন্ত ক্রমপুঞ্জিত অগ্রগতি ৫৭৮৪.৫১ লক্ষ টাকা (আর্থিক: ৩৫% এবং ভৌত: ৫৮%)। প্রকল্পের অনুকূলে সংশোধিত এডিপি (২০২১-২২)-তে ৫৩৬৮.০০ লক্ষ টাকা বরাদ্দ প্রস্তাব রয়েছে। এ বরাদ্দের বিপরীতে মার্চ, ২০২২ পর্যন্ত অবমুক্তি ১২৫৮.০০ লক্ষ টাকা এবং ব্যয় ৮৩০.২৮ লক্ষ টাকা যা বরাদ্দের ১৫.৪৭%। প্রকল্প পরিচালক জানান যে,

প্রকল্পটি জুন, ২০২২ মেয়াদে সমাপ্তের জন্য নির্ধারিত রয়েছে। এ বিষয়ে সেনা কল্যাণ সংস্থা (এসকেএস) প্রতিনিধি জানান যে, নির্ধারিত সময়ের মধ্যে প্রকল্প কাজ সমাপ্ত করার পরিকল্পনা নিয়ে ভবন নির্মান কাজ চলমান রয়েছে। মহাপরিদর্শক (ডাইফ) এ বিষয়ে জানান যে, প্রকল্পে কাজের ধীরগতি থাকার কারনে নির্ধারিত সময়ে তা সমাপ্ত করা সম্ভব হবে না এবং এ বছরের বরাদ্দকৃত অর্থ সম্পূর্ন ব্যয় করা সম্ভব হবে না। তিনি অনুমান করনে প্রায় ১৫ (পনের) কোটি টাকা অব্যয়িত থাকার সম্ভাবনা রয়েছে। সভাপতি মহোদয় প্রকল্প পরিচালক এবং সেনা কল্যাণ সংস্থা-কে সম্মিলিতভাবে সচেষ্ট থেকে নির্ধারিত সময়ের মধ্যে প্রকল্প সমাপ্ত করার নির্দেশনা প্রদান করেন। একই সাথে  ইতোমধ্যে সম্পাদিত কাজের আসেসমেন্ট করে অর্থ বিভাগে বিল দাখিল এবং সে অনুযায়ী এসকেএস কর্তৃক বিল দাখিল করার নির্দেশনা প্রদান করেন। প্রকল্পর অসমাপ্ত কাজের আসেসমেন্ট আগামী ৩০ জুন, ২০২২ এর মধ্যে সমাপ্ত করার জন্য এসকেএস-কে নির্দেশনা প্রদান করেন এবং অসমাপ্ত কাজ সম্পন্নকরনে “১৩ টি জেলা কার্যালয় স্থাপন” শীর্ষক প্রকল্পের আওতায় অংগীভুত করার বিষয়ে সভা আলোকপাত করা হয়।

**৩.৬.১ সিদ্ধান্ত:** বিস্তারিত আলোচনাক্রমে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

ক. প্রকল্পের কর্মপরিকল্পনা অনুযায়ী গুণগতমান বজায় রেখে নির্ধারিত সময় অর্থাৎ জুন ২০২২ এর মধ্যে কাজ সমাপ্ত করতে হবে;

খ. ইতোমধ্যে সম্পাদিত কাজের আসেসমেন্ট করে অর্থ বিভাগে প্রেরণপূর্বক তা যাচাই বাছাই করে এসএকএস কর্তৃক বিল প্রদান করতে হবে;

গ. ৩০-০৬-২০২২ তারিখের মধ্যে অসমাপ্ত কাজের এসসমেন্ট সম্পন্ন করতে হবে এবং

ঘ. অসমাপ্ত কাজ সমাপ্ত করার জন্য “১৩ টি জেলা কার্যালয় স্থাপন” শীর্ষক প্রকল্পের আওতায় অংগীভুত করতে হবে।

**বাস্তবায়ন: প্রকল্প পরিচালক; সেনা কল্যান সংস্থা (ডিপিএম সেল)**

**৩.৭ কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর আধুনিকায়ন ও শক্তিশালীকরণ ও ১৩ টি জেলা কার্যালয় স্থাপন প্রকল্প:**

সভায় জানানো হয় প্রকল্পটি জুলাই ২০১৯ হতে ডিসেম্বর ২০২২ মেয়াদে বাস্তবায়িত হচ্ছে। প্রকল্পটির প্রাক্কলিত ব্যয় ২২৯৪৩.৮৬ লক্ষ টাকা এবং ২০২১-২২ অর্থ বছরে আরএডিপিতে ২৬৮৫.০০ লক্ষ টাকা বরাদ্দ রয়েছে। তার বিপরীতে এপ্রিল, ২০২২ পর্যন্ত ১৯৫৩.৭৪ লক্ষ টাকা অবমুক্ত এবং ১৫৯০.৪০ লক্ষ টাকা ব্যয় হয়েছে। যা বরাদ্দের ৬০.৯৩%। প্রকল্পটির মার্চ, ২০২২ পর্যন্ত ক্রমপুঞ্জিত অগ্রগতি ২১৬৬.৩৩ লক্ষ টাকা এবং ভৌত অগ্রগতি ১৯.৮১%। প্রকল্প পরিচালক সভায় জানান যে প্রকল্পের আওতায় উর্দ্ধমুখী সম্প্রসারণ কাজের বিষয়ে প্রকল্প পরিচালক সভাকে জানান যে, ২টি জেলায় (ময়মনসিংহ ও বরিশাল) ১ তলা উর্দ্ধমূখী সম্প্রসারণের কার্যক্রম শেষ পর্যায়ে। এবং ৪টি জেলায় (রংপুর, ফরিদপুর, মৌলভীবাজার, কুষ্টিয়া) ৪ তলা উর্দ্ধমূখী সম্প্রসারণের কার্যক্রমের আওতায় ছাদ ঢালাইয়ের কাজ শেষে এখন অন্যান্য কাজ চলমান রয়েছে। সাম্প্রতিককালে নির্মাণসামগ্রীর মূল্য বৃদ্ধির কারণে নির্মান কাজে ধীরগতি সৃষ্টি হলেও

পিডব্লিউডি'র প্রতিনিধি জানান যে, সংশ্লিষ্ট ঠিকাদারদের উপর চাপ সৃষ্টি করা হয়েছে দ্রুত কাজ সমাপ্ত হবে। সভাপতি মহোদয় নতুন কোনো জেলায় ভবন নির্মাণের কি অগ্রগতি হয়েছে জানতে চাইলে প্রকল্প পরিচালক জানান, বর্তমানে বগুড়া, চট্টগ্রাম, রাজশাহী ও সিরাজগঞ্জ জেলায় ভবন নির্মাণের দরপত্র আহ্বানের প্রস্তুতি চলছে। বগুড়াতে ভবনের নতুন ডিজাইন প্রয়োজন না হলেও চট্টগ্রাম, রাজশাহী এবং সিরাজগঞ্জে ১০ তলা ভবন নির্মাণের জন্য নতুন করে ডিজাইন করার কাজ চলছে। স্থাপত্য অধিদপ্তর জানিয়েছে যে, জুন, ২০২২ এর মধ্যেই নতুন ডিজাইন প্রণয়ের জন্য সর্বোচ্চ প্রচেষ্টা গ্রহণ করা হয়েছে। সভাপতি দ্রুত এ চারটি জেলায় দরপত্র আহ্বান করে ভবন নির্মাণের কাজ শুরু করার জন্য অনুরোধ জানান। প্রকল্পটির ভূমি অধিগ্রহণের কাজ তরান্বিত করার প্রয়োজনীয়তার উপর গুরুত্ব আরোপ করে সভাপতি বলেন যে, ভূমি অধিগ্রহণে বিলম্ব হলে প্রকল্পের বাস্তবায়ন অগ্রগতি সার্বিকভাবে ক্ষতিগ্রস্ত হবে। প্রকল্পের বাস্তবায়ন অগ্রগতি ধরে রাখা, শ্রম অধিদপ্তরের মালিকানাধীন ৪টি জেলায় দ্রুত দরপত্র আহ্বান করে ভবন নির্মাণের কাজ শুরু করা, এবং ভূমি অধিগ্রহণের কাজে অধিকতর অগ্রগতি অর্জনের প্রচেষ্টা অব্যহত রাখার বিষয়ে সভায় মতামত ব্যক্ত করা হয়।

**৩.৭.১ সিদ্ধান্ত:** বিস্তারিত আলোচনাক্রমে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

ক. অতি দ্রুত উর্দ্ধমুখী সম্প্রসারণ কাজ শেষ করার বিষয়ে পিডব্লিউডি কর্তৃক বাস্তব পদক্ষেপ গ্রহণ করতে হবে;

খ. স্থাপত্য অধিদপ্তর থেকে দ্রুত ১০ তলা ভবনের ডিজাইন সংগ্রহ করে পিডব্লিউডি কর্তৃক চট্টগ্রাম, রাজশাহী ও সিরাজগঞ্জ জেলায় ভবন নির্মাণের দরপত্র আহ্বান করতে হবে।

গ. প্রকল্পের বাস্তবায়ন অগ্রগতি ধরে রাখার স্বার্থে ভূমি অধিগ্রহণের কাজে অধিকতর অগ্রগতি অর্জনের প্রচেষ্টা অব্যহত রাখতে হবে। প্রয়োজনে এ কাজে উর্দ্ধতন কর্তৃপক্ষের সাথে নিয়মিত যোগাযোগ রক্ষা করতে হবে এবং প্রয়োজনে তাঁদের সহায়তা গ্রহণ করতে হবে এবং

ঘ. কর্মপরিকল্পনা অনুযায়ী যথাযথভাবে প্রকল্পের কার্যক্রম পরিচালন করতে হবে।

**বাস্তবায়ন: প্রকল্প পরিচালক, সংশ্লিষ্ট কমিটি ।**

**৩.৮ নির্বাচিত রেডিমেড গার্মেন্টস, প্লাস্টিক ও কেমিক্যাল কারখানার অবকাঠামোগত, অগ্নি ও বিদ্যুৎ ঝুঁকি নিরুপণ প্রকল্প:**

সভায় জানানো হয় প্রকল্পটি জুলাই ২০১৯ হতে জুন ২০২২ মেয়াদে বাস্তবায়িত হচ্ছে । প্রকল্পটির প্রাক্কলিত ব্যয় ৪৭১২.৫৭ লক্ষ টাকা। ২০২১-২২ অর্থ বছরে এডিপি-তে ১৪২০.০০ লক্ষ টাকা বরাদ্দের বিপরীতে মার্চ, ২০২২ পর্যন্ত ১২২৮.০০ লক্ষ টাকা অর্থছাড় ও ১২২১.১৩ লক্ষ টাকা ব্যয় হয়েছে। প্রকল্পের আর্থিক অগ্রগতি বরাদ্দের ৮৬%। প্রকল্পটির মার্চ, ২০২২ পর্যন্ত ক্রমপুঞ্জিত অগ্রগতি ২৪৮৭.৯৫ লক্ষ টাকা। ভৌত অগ্রগতি ৯৩.০৬%। গত সভার সিদ্ধান্ত বাস্তবায়ন বিষয়ে প্রকল্প পরিচালক সভাকে অভহিত করেন যে, প্রকল্পটির অডিট ইতোমধ্যে সম্পন্ন করা হয়েছে। প্রকল্প সমাপ্তিপূর্বক যথাসময়ে প্রকল্প সমাপ্ত প্রতিবেদন (পিসিআর) প্রেরণের জন্য সভায় নির্দেশনা প্রদান করা হয়। এ বিষয়ে মহাপরিদর্শক, কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর উল্লেখ করেন যে, বিদ্যমান আইন ও বিধি অনুযায়ী পিসিআর প্রদান করা হবে। আইএমইডির প্রতিনিধি সভাকে অবহিত করেন যে, পিএসসি এর ৪র্থ সভার সিদ্ধান্ত অনুযায়ী প্রকল্পটির সংশোধন না করার দরুন প্রয়োজনীয় ব্যাখ্যা পিসিআর-এ অর্ন্তভূক্ত করতে হবে। সভাপতি মহোদয়ে প্রকল্পের কার্যক্রম সম্পর্কে সন্তোষ প্রকাশ করেন। সভা শেষে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়।

**৩.৮.১ সিদ্ধান্ত:** বিস্তারিত আলোচনাক্রমে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

ক. প্রকল্পের বাস্তবায়ন কাজ যথাসময়ে সমাপ্ত করতে হবে;

খ. প্রকল্পের অডিট রির্পোট দ্রুত মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে এবং

গ. বিদ্যমান আইন ও বিধি অনুযায়ী পিসিআর প্রদান করতে হবে।

**বাস্তবায়ন: ডাইফ/অধিদপ্তরের উন্নয়ন/পরিকল্পনা শাখা ও প্রকল্প পরিচালক।**

**০৪। সমাপ্ত প্রকল্পসমূহের পিসিআর প্রদান বিষয়ক:**

| ক্রম | প্রকল্পের শিরোনাম | পিসিআর আপডেট |
|---|---|---|

| | | |
|---|---|---|
| ১. | EIIS Project | আইও উইং / আইএলও |
| ২. | ৬টি জেলা কার্যালয় পুনর্নির্মাণ প্রকল্প | শ্রম অধিদপ্তর<br>পিসিআরটি ইতোমধ্য আইএমইডি-তে প্রেরণ করা হয়েছে। |
| ৩. | শ্রম ভবন নির্মান প্রকল্প | শ্রম অধিদপ্তর |
| ৪. | ঘাগড়া হোস্টেল নির্মান প্রকল্প | শ্রম অধিদপ্তর |
| ৫. | EIPS GIZ | ডাইফ, জিআইজেড<br>পিসিআরটি ইতোমধ্য আইএমইডি-তে প্রেরণ করা হয়েছে। |

সমাপ্ত প্রকল্পসমূহের পিসিআর দ্রুত মন্ত্রণালয়ে প্রেরণের বিষয়ে সভায় নির্দেশনা প্রদান করে। উল্লেখ্য, ঘাগড়া হোস্টেল নির্মান প্রকল্পের প্রকল্প পরিচালক জানান যে, প্রকল্পটির পিসিআর খসড়াভাবে প্রস্তুত করা হয়েছে দ্রুত তা মন্ত্রণালয়ে প্রেরণ করা হবে।

**৫.১.১ সিদ্ধান্ত:** বিস্তারিত আলোচনাক্রমে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

ক. আইএলও কর্তৃক বাস্তবায়িত প্রকল্পের সংশোধিত পিসিআর দ্রুত প্রেরণ করতে হবে এবং

খ. শ্রম অধিদপ্তর কর্তৃক বাস্তবায়িত প্রকল্পসমূহের পিসিআর দ্রুত প্রেরণ করতে হবে ।

**০৬। বিবিধঃ**

সভায় এ পর্যায়ে উপসচিব (পরিকল্পনা) জানান যে, ২০২১-২২ অর্থবছরের জুন মাস দাপ্তরিকভাবে অনেক গুরুত্বপূর্ন বিধায় সকল কার্যক্রম যাথাযথভাবে সম্পন্ন করার পরামর্শ প্রদান করেন। উল্লেখ সভায় সভাপতি মহোদয় মন্ত্রণালয়, অধিদপ্তর এবং প্রকল্প সংশ্লিষ্ট সকল-কে সমন্বিতভাবে যথাযথভাবে কার্যক্রম পরিচালনার নির্দেশনা প্রদান করেন।

**০৭।** সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

বেগম মন্নুজান সুফিয়ান
প্রতিমন্ত্রী

স্মারক নম্বর: ৪০.০০.০০০০.০২৯.১৪.০০২.২১.৩৩

তারিখ: ২৯ জ্যৈষ্ঠ ১৪২৯
১২ জুন ২০২২

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১) সিনিয়র সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়।

২) সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়।

৩) সচিব, বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ।

৪) সচিব, সচিবের দপ্তর , পরিকল্পনা বিভাগ, পরিকল্পনা কমিশন।

৫) সদস্য, কার্যক্রম বিভাগ (সদস্য)-এর দপ্তর, পরিকল্পনা কমিশন।

৬) সদস্য, শিল্প ও শক্তি বিভাগ (সদস্য)-এর দপ্তর, পরিকল্পনা কমিশন।

৭) সচিব , অর্থনৈতিক সম্পর্ক বিভাগ, অর্থ মন্ত্রণালয়।

৮) অতিরিক্ত সচিব, উন্নয়ন অনুবিভাগ, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়, ঢাকা।

৯) অতিরিক্ত সচিব (আইও), রপ্তানীমুখী শিল্প ও আন্তর্জাতিক সংস্থা অনুবিভাগ, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়

১০) মহাপরিদর্শক (অতিরিক্ত সচিব), কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর, বিজয় নগর, ঢাকা।

১১) মহাপরিচালক, শ্রম অধিদপ্তর, বিজয় নগর, ঢাকা।

১২) প্রকল্প পরিচালক, কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর আধুনিকায়ন ও শক্তশালীকরণ এবং ১৩টি জেলা কার্যালয় স্থাপন, কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর, ঢাকা।

১৩) প্রকল্প পরিচালক, বাংলাদেশে ঝুঁকিপূর্ণ শিশুশ্রম নিরসন (৪র্থ পর্যায়) প্রকল্প, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়

১৪) প্রকল্প পরিচালক, রিমিডিয়েশন কো-অরডিনেশন সেল এ ন্যস্ত কারখানাগুলোর ক্যাপ বাস্তবায়ন প্রকল্প, কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর, ঢাকা।

১৫) তত্বাবধায়ক প্রকৌশলী, পেকু সার্কেল, গণপূর্ত অধিদপ্তর, ঢাকা।

১৬) যুগ্মসচিব, আর্ন্তজাতিক সংস্থা অধিশাখা, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়, ঢাকা।

১৭) উপ- প্রকল্প পরিচালক, জাতীয় পেশাগত স্বাস্থ্য ও নিরাপত্তা বিষয়ক গবেষণা এবং প্রশিক্ষণ ইন্সটিটিউট স্থাপন শীর্ষক (NOSHTRI) প্রকল্প, কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর

১৮) জনাব, মোঃ মাসুম আখতার জামান, সেনা কল্যাণ সংস্থা (এসকেএস), মহাখালী, ঢাকা।

১৯) পরিচালক, পরিচালক (পরিকল্পনা, পরিসংখ্যান ও তথ্য প্রযুক্তি), শ্রম অধিদপ্তর, বিজয় নগর, ঢাকা।

২০) যুগ্ম মহাপরিদর্শক, সেফটি শাখা, কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর, বিজয় নগর, ঢাকা।

২১) প্রকল্প পরিচালক (অতিরিক্ত দায়িত্ব), নির্বাচিত রেডিমেড গার্মেন্টস, প্লাস্টিক ও কেমিকেল কারখানার কাঠামো, অগ্নি ও বিদ্যুৎ ঝুঁকি সংক্রান্ত প্রকল্প, কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর

২২) Mr. Masumul Alam, Program Officer (OSH), ILO Head office , Dhaka.

২৩) Mr. Mansur Asad, PO , ILO Head office, Dhaka.

২৪) জনাব আফরোজা বেগম, সিএএফও , সিজিএ কার্যালয়, সেগুনবাগিচা, ঢাকা।

২৫) হিসাবরক্ষণ কর্মকর্তা, হিসাব শাখা, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়, ঢাকা।

শাকেরা আহমেদ
সিনিয়র সহকারী সচিব (অতিরিক্ত দায়িত্ব)